

# অনুবাদ ও দোভাষী সেবাসমূহ

যাঁরা ইংরেজীতে কথা বলেন না বা যাঁদের অনুবাদ ও দোভাষী সংক্রান্ত সহায়তা প্রয়োজন তাঁদের জন্য অস্ট্রেলিয়ার সরকার অনুবাদ ও দোভাষী সেবা বা ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (টি আই এস) প্রদান করে থাকে।

বিনামূল্যে টি আই এস-এর সেবা পাওয়া যায় যদি তা সরকারী বা এজেন্সীর সাথে সম্পর্কিত হয়।

টি আই এস ব্যবহার করে আই এ এ –এর সাথে যোগাযোগ করার জন্য সাধারণ কর্মদিবসের সময়সূচী হলো সোমবার- শুক্রবার সকাল ৮.৩০-বিকাল ৫ টা পর্যন্ত :

১. অস্ট্রেলিয়ার যেকোনো জায়গা থেকে ১৩১ ৪৫০নম্বরে ফোন করুন।
২. অপারেটকে আপনি কি ভাষাতে কথা বলেন তা জানান এবং তাঁরা আপনাকে উপযুক্ত দোভাষীর সাথে সংযোগ করিয়ে দেবেন।
৩. অপারেটকে আই এ এ –এর টেলিফোন নম্বরটি বলুন | অপারেটর আপনাকে এবং দোভাষীকে আই এ এ-এর সাথে সংযোগ করিয়ে দেবেন।

টেলিফোনে দোভাষী সেবা দিনে ২৪ ঘন্টা এবং সপ্তাহে ৭ দিনই পাওয়া যায়।

টি আই এস কোনো কাগজপত্র ইংরেজীতে অনুবাদ করে না।

আরো তথ্যের জন্য ভিজিট করুন <http://www.tisnational.gov.au/>